গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক,ফার্মগেট, ঢাকা-১২১৫।

নং-৩৩.০১.০০০০.১০২.১৬.০০২.১৮- ১২৬ তারিখঃ ২৫/০৫/২০২৩ খ্রি

**কার্যালয় স্মারক**

**বিষয়ঃ কর ব্যতীত প্রাপ্তি (NTR) এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমুহ (Non NBR Tax) সঠিকভাবে আদায় এবং জমা সংক্রান্ত মাসিক প্রতিবেদন Excel Spreadsheet এ প্রেরণ প্রসংগে।**

সুত্র ঃ (১)অর্থ বিভাগের পত্র নং-০৭.০০.০০০০.১৪৩.৯৯.০০১.২২-৬৮ তারিখ- ২২/০৩/২০২৩ইং
(২)মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০০.০০০০.১০৭.২০.০০২.২২-৫৮ তাং ২৯/০৩/২০২৩ইং

উপরোক্ত বিষয় ও সুত্রস্থ পত্রদ্বয়ের প্রেক্ষিতে ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে কর ব্যতীত প্রাপ্তি (NTR) এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমুহ (Non NBR Tax) আদায় এবং জমা প্রদান সংক্রান্ত অধিদপ্তরের ২৫/১১/২০২০ইং তারিখের ৭৪৫ সংখ্যক স্মারকে প্রদত্ত ছকপত্রের পরিবর্তে **Excel Spreadsheet** এ প্রেরণ ও নির্দেশনা সম্বলিত পত্রের ছায়ালিপি এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো। সংযুক্ত ছকপত্র **Excel Spreadsheet** টি Nikosh (নিকশ) ফন্টে সফটকপি ও হার্ডকপি প্রতিমাসের আয়ের হিসাব পরবর্তী মাসের ৩(তিন) তারিখের মধ্যে অধিদপ্তরের হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো। প্রাপ্ত সকল দপ্তরের মাসিক তথ্যাদি একত্রিত করে মন্ত্রণালয়ে ই-নথিতে প্রেরণ করা হবে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের বাজেট বরাদ্দ সংক্রান্ত প্রতিটি পত্রে মাসিক আয়-ব্যয়ের হিসাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধিদপ্তরে প্রেরনের নির্দেশনা প্রদান করা হয়ে থাকে। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচেছ যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনস্থ দপ্তরসমুহের কর্মকর্তাগণ যথাসময়ে মাসিক আয়-ব্যয়ের হিসাব অধিদপ্তরে প্রেরণ করেন না। অনেকেই মাস শেষ হয়ে গেলেও পুর্ববর্তী মাসের হিসাব প্রদান থেকে বিরত থাকেন। বিশেষ করে পরিচালক এবং বিভাগীয় পরিচালকগণ তাঁর এবং তাঁর অধীনস্থ জেলা, উপজেলা, জেলা হাসপাতাল, মেট্রো থানা এবং কোয়ারেন্টাইন ষ্টেশন সমুহের হিসাব একত্রিত (Consolidated) করে যথাসময়ে প্রেরণ করেন না। যা মোটেও কাম্য নয়। কেননা Annual Performance Agreement (APA) তে এ বিষয়ে পয়েন্ট এবং লক্ষ্যমাত্রা নির্ধারন থাকায় যথাসময়ে মাসিক আয়-ব্যয়ের হিসাব মন্ত্রণালয়ে প্রেরণ করা না হলে মন্ত্রণালয়ের বিভিন্ন সভায় অধিদপ্তর বিব্রত অবস্থায় পড়ে এবং এতে করে অধিদপ্তরের ভাবমুর্তি ক্ষুন্ন হয় এবং A.P.A এর লক্ষ্যমাত্রা অর্জিত হয় না।

এমতাবস্থায় অগ্রাধিকার ভিত্তিতে/জরুরী বিবেচনায় যথাসময়ে সংশ্লিষ্ট দপ্তর এবং তাঁর অধীনস্থ দপ্তর সমুহের মাসিক আয়-ব্যয়ের হিসাব একত্রিত (Consolidated) করে অধিদপ্তরের হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো। যথাসময়ে হিসাব পাওয়া না গেলে বিষয়টি মন্ত্রণালয়ে অবহিত করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

**সংযুক্তঃ** ৩(তিন) পাতা এবং Excel Spreadsheet এর সফট কপি।

২৫/০৫/২০২৩

**( ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার )**
**মহাপরিচালক (চলতি দায়িত্ব)**
**প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।**

২৫/৫/২৩

বিতরণ ঃ
**জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরন করা হ'ল।**

১-২) পরিচালক, উৎপাদন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৩) পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মুল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণাগার, মহাখালী, ঢাকা।
৪) পরিচালক, বি.সি.এস লাইভষ্টক একাডেমী, সাভার, ঢাকা
৫-১২) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্রগ্রাম/রাজশাহী/ রংপুর/ খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
১৩) পরিচালক, প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৪) পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৫) পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৬) পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
১৭) সিনিয়র সহকারী পরিচালক, জেলা পিগ ফার্ম, রাংগামাটি পার্বত্য জেলা।
১৮) কিউসি ল্যাব, সাভার, ঢাকা।
১৮) ভেটেরিনারি সার্জন, রংপুর চিড়িয়াখানা/ বিনোদন উদ্যান, রংপুর।
১৯) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, টাংগাইল (সন্তোষ হাসপাতালের জন্য)
২০) অত্র অধিদপ্তরের হিসাব শাখা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১০৭.২০.০০২.২২-৫৮

তারিখ: ১৫ চৈত্র ১৪২৯
২৯ মার্চ ২০২৩

বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা থেকে কর-বহির্ভূত রাজস্ব (NTR) এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর (Non-NBR Tax) আদায় এবং জমা সংক্রান্ত মাসিক প্রতিবেদন excel spreadsheet এ প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ০৭.০০.০০০০.১৪৩.৯৯.০০১.২২.৬৮ ২২ মার্চ ২০২৩
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে প্রাপ্ত।

উর্পযুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে কর-বহির্ভূত রাজস্ব (NTR) এবং জাতীয় রাজস্ব বোর্ড বর্হিভূত কর (Non-NBR Tax) আদায়ের মাসিক প্রতিবেদন হার্ড কপির পরিবর্তে excel spreadsheet অনুযায়ী e-nothi এর মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-৩-২০২৩
মোহাম্মদ আহম্মেদ আলী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৮১০০৭
ফ্যাক্স: 9512220
ইমেইল: ds_budget@mofl.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
২) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মৎস্য অধিদপ্তর
৩) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর
৪) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
৫) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
৬) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
৭) উপসচিব , প্রশাসন-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৮) উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
৯) রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১০৭.২০.০০২.২২-৫৮/১(২)

তারিখ: ১৫ চৈত্র ১৪২৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
এনটিআর-১
www.mof.gov.bd

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৪৩.৯৯.০০১.২২.৬৮

তারিখ: ৮ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

বিষয়: **বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা থেকে কর-বহির্ভূত রাজস্ব (NTR) এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর (Non-NBR Tax) আদায় এবং জমা সংক্রান্ত মাসিক প্রতিবেদন excel spreadsheet এ প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: নং-০৭.০০.০০০০.১৪৩.২০.০০১.২০-৫৭ তারিখ:- ০৮-১১-২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপট এবং ২০২৬ সালে স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় সরকার অভ্যন্তরীণ খাতের কর-বহির্ভূত রাজস্ব আয় বৃদ্ধি এবং আদায়ের ওপর গুরুত্ব আরোপ করেছে। কর-বহির্ভূত রাজস্ব আয় বৃদ্ধি এবং আদায় সংক্রান্ত নীতি নির্ধারণের ক্ষেত্রে অন্যান্য যে কোন নীতি-নির্ধারণী বিষয়ের মতোই কর-বহির্ভূত রাজস্ব আয় সংক্রান্ত তথ্য-উপাত্ত (data) বিভিন্ন পর্যালোচনা ও বিশ্লেষনের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

০২. কর-বহির্ভূত রাজস্ব আদায়ের কার্যক্রমকে তরান্বিত করার জন্য ইতোপূর্বে সূত্রোক্ত স্মারকে অত্র বিভাগ হতে সংযুক্তি-১ (2092/potrojariAttachmentRef/26175/0/113) এর মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা হতে কর-বহির্ভূত রাজস্ব (NTR) এবং জাতীয় রাজস্ব বোর্ড বর্হিভূত কর (Non-NBR Tax) আদায়ের মাসিক প্রতিবেদন সংযুক্তি-২ (2105/potrojariAttachmentRef/26175/0/113) এর ছক মোতাবেক হার্ডকপিতে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। দেশের সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার হার্ড কপিতে প্রেরিত প্রতিবেদনগুলি একদিকে যেমন সংরক্ষন ও ব্যবস্থাপনা কষ্টসাধ্য ও সময় সাপেক্ষ অন্যদিকে এ প্রতিবেদনগুলো দিয়ে ডাটাবেজ তৈরী ও সঠিকভাবে পর্যালোচনাও করা কষ্টকর।

০৩. এ প্রেক্ষিতে অত্র বিভাগ হতে একটি নতুন excel spread sheet প্রণয়ন করা হয়েছে। এই নতুন excel spread sheet-এ একটি অর্থবছরের বারো (১২) মাসের জন্য বারোটি work sheet রয়েছে। প্রতি অর্থবছরের জুলাই মাস হতে এই শীট পূরণ করতে হবে। তবে ২০২২-২৩ অর্থবছরের মার্চ মাসের ডাটা পূরণ করার সময় পূর্বের সকল মাস অর্থাৎ জুলাই, ২০২২ থেকে মার্চ, ২০২৩ পর্যন্ত পূরণ করতে হবে।

০৪. বর্ণিতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা থেকে কর-বহির্ভূত রাজস্ব (NTR) এবং জাতীয় রাজস্ব বোর্ড বর্হিভূত কর (Non-NBR Tax) আদায়ের মাসিক প্রতিবেদন হার্ড কপির পরিবর্তে সংযুক্তি-৩ (2106/potrojariAttachmentRef/26175/0/113) এ উল্লিখিত excel sheet অনুযায়ী তথ্য আপলোড করে সরকারের ডিজিটাল ব্যবস্থাপনার সুবিধা গ্রহণ করে e-nothi এর মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫. সার্বিক সমন্বয়ের সুবিধার্তে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগের পাশাপাশি এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে কর-বহির্ভূত রাজস্ব (NTR) এবং জাতীয় রাজস্ব বোর্ড বর্হিভূত কর (Non-NBR Tax) আদায়ের মাসিক প্রতিবেদন হার্ড কপির পরিবর্তে excel spreadsheet অনুযায়ী e-nothi এর মাধ্যমে প্রেরণের নির্দেশনা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:**
০১। পূর্বে জারীকৃত চিঠি (সংযুক্তি-১ (2095/potrojariAttachmentRef/26175/0/113))
০২। পুরাতন ছক ( (2097/potrojariAttachmentRef/26175/0/113)সংযুক্তি-২

(2108/potrojariAttachmentRef/26175/0/113))

.০৩। নতুন ছক (সংযুক্তি-৩ (2111/potrojariAttachmentRef/26175/0/113))

২২-৩-২০২৩
মোঃ রাশেদুর রহমান সরদার
উপসচিব
ফোন: ০২-৫৫১০১০৮০
ইমেইল: rashed@finance.gov.bd

বিতরণ :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

৪) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

৫) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

৬) সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৭) সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়

৮) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

৯) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

১০) সিনিয়র সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

১১) সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

১২) সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

১৩) সচিব, জন বিভাগ

১৪) সচিব, বিদ্যুৎ বিভাগ

১৫) সচিব , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১৬) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৭) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

১৮) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

১৯) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

২০) সচিব, ভূমি মন্ত্রণালয়

২১) সচিব, শিল্প মন্ত্রণালয়

২২) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

২৩) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

২৪) সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

২৫) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ

২৬) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৭) সচিব, সেতু বিভাগ

২৮) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

২৯) সচিব , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৩০) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৩১) সচিব , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়